

নিষিদ্ধ

লোহার ব্রীজ পেরোলেই শরক্ষেপের মতো
দূরে চলে যাচ্ছে যে আকাশ
ওর আঁচলে বেঁধে দিই খোলা চিঠি আর
নিভৃত দিনলিপিগুলো...
যারা আকর্ষণ মদ ধূধু মাঠ ঐ রেললাইনের
পাশে পড়ে থাকা লাশে
পুলিশি নজরদারী কিংবা
আবার আবছা সকাল থেকে ঘন রাত্রি

ধনুকের ছিলা থেকে ছিটকে যাওয়া লোহার ব্রীজ
নতুন কোন ইস্তাহার নিয়ে

অতনু বন্দ্যোপাধ্যায়